

জগন্নাথ ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ০৮

৪ মার্চ জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি আয়োজন করে '১ম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ০৮'। এতে অংশ নেয় জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ ও স্বাগতিক জগন্নাথ ইউনিভার্সিটি। দিনব্যাপী এ প্রতিযোগিতা উপলক্ষে জগন্নাথ ইউনিভার্সিটি হয়ে ওঠে উৎসবমুখর। সাবেক ও বর্তমান ডার্কিক, ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাকর্মী। সবাইকে একই সূত্রে বেধে দেয় এ প্রতিযোগিতা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন জগন্নাথ ইউনিভার্সিটির ডিসি প্রফেসর ড. শিরাজুল ইসলাম খান। তিনি বলেন, জগন্নাথ ইউনিভার্সিটি এ প্রতিযোগিতার আয়োজক, এ জন্য আমি অত্যন্ত আনন্দিত। ডিসি এ সময় জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটিকে এগিয়ে নেয়ার জন্য সাধ্যমত সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- জগন্নাথ ইউনিভার্সিটির ডেপুটি প্রফেসর ড. আবু হোসেন সিদ্দিকী, রেজিস্ট্রার প্রফেসর ফরিদা রহমান। উপস্থিত ছিলেন জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির উপদেষ্টা রোকিয়া পারভীন জুই, মডারেটর এবং বাংলা বিভাগের লেকচারার শাহ মোঃ ফিরোজ আল ফেরদৌস, বাংলা বিভাগের প্রফেসর ফজলে সুলতানা। মডারেটর বলেন, ডিসি, ডেপুটি প্রফেসর রেজিস্ট্রার, প্রক্টর, উপদেষ্টারসহ সবার সর্বাঙ্গিক সহযোগিতা ও ঐকান্তিক প্রচেষ্টায় এ আয়োজন সম্ভব হয়েছে। আরো বক্তব্য রাখেন জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সহ-সভাপতি সুরাইয়া আক্তার রীমা, জাকির হুসান, সাধারণ সম্পাদক,



আলী আশরাফ মোস্তা। সাবেক বিতর্কিক রুবায়েয়াত রাকিব, ছাত্রদের সাধারণ সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন, ছাত্রলীগের সভাপতি কামরুল হুসান রিপন প্রমুখ। সভাপতিত্ব করেন জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি ইফতেখারুল ইসলাম। উপস্থাপনায় ছিলেন নাসির উদ্দিন পিটু, রেশমা রুনী ও আলী আশরাফ মোস্তা। সংসদীয় বিতর্কের প্রথম রাউন্ডে জগন্নাথ ইউনিভার্সিটির প্রতিষ্ঠা ও ঐশী এ দুটি দলের মধ্যে জয়ী হয় প্রতিষ্ঠা। দ্বিতীয় বিতর্ক অনুষ্ঠিত হয় জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ও আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের মধ্যে। এতে জয়ী হয় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ। ফাইনাল বিতর্কে জগন্নাথ ইউনিভার্সিটি ও

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মধ্যে চ্যাম্পিয়ন হয় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রানার্স আপ হয় জগন্নাথ ইউনিভার্সিটি এবং স্কোরের ভিত্তিতে তৃতীয় হয় জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি ইফতেখারুল ইসলাম। শ্রেষ্ঠ বক্তা তার অনুষ্ঠিত প্রকাশ করে বলেন, আত্মবিশ্বাসই আমার সফলতার মূল কারণ। সংসদীয় বিতর্কের শিক্ষার ছিলেন জগন্নাথ ইউনিভার্সিটির সাবেক জাতীয় বিতর্কিক রাশেদুল ইসলাম পল্লব, বিচারক ছিলেন রুবায়েয়াত রাকিব ও আব্দুল্লাহ আহমেদ চৌধুরী। রাশেদুল ইসলাম পল্লব বলেন, এ আয়োজনের মধ্য দিয়ে একটা ভালো কিছু সূচনা হলো। জগন্নাথ ইউনিভার্সিটি এখন অনেক ভালো বিতর্ক

করছে। ব্যারোয়ারি বিতর্কে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভ করে জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির মামুনুর রশিদ এ এম রশিদুল হক এবং জগন্নাথ ইউনিভার্সিটির মোঃ সজিব মিয়া। এতে বিচারক ছিলেন, নাসির উদ্দিন পিটু, অণু ও স্মৃতি। জগন্নাথ ইউনিভার্সিটির সাধারণ সম্পাদক আলী আশরাফ মোস্তা বলেন, ভবিষ্যতে এ প্রতিযোগিতা আরো বেশ কিছু ইউনিভার্সিটির অংশগ্রহণে আয়োজনের পরিকল্পনা আছে। জগন্নাথ ইউনিভার্সিটির প্রক্টর কাজী আসাদুজ্জামান বিকালে সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ ও অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

সৌরভ রাহমান